# জাতীয় বিশ্ববিদ্যালয়

## ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি নির্দেশিকা

## শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

**আবেদনের তারিখ: ২১ জানুয়ারি ২০২৫ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত**

**ভর্তি পরীক্ষা: ০৩ মে ২০২৫, শনিবার**

**সময়: সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত**

[পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্রসহ সকাল ১০:৩০ মিনিটের মধ্যে প্রবেশপত্রে উল্লিখিত কলেজ কেন্দ্রে উপস্থিত হয়ে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।]

## সাধারণ নির্দেশনা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণিতে পাঠদানকারী কলেজসমূহে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ২১ জানুয়ারি বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) ০২ মার্চ ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

খ) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণের শর্তসমূহ ও ভর্তি সংক্রান্ত নির্দেশিকা জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Honours অপশনে গিয়ে Honours Admission Guideline লিংকে ক্লিক করতে হবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইন আবেদন ফরম পূরণ করতে হবে।

গ) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ০১ (এক) ঘণ্টা সময়ের মধ্যে দিতে হবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে শিক্ষার্থীদের SSC পরীক্ষায় প্রাপ্ত GPA এর ৪০% ও HSC পরীক্ষায় প্রাপ্ত GPA এর ৬০% যোগ করে সর্বমোট ২০০ নম্বরের মধ্যে ফলাফল প্রস্তুত করা হবে। পরবর্তীতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করে শিক্ষার্থীদের বিষয় বরাদ্দ দেয়া হবে।

ঘ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর প্রবেশপত্রে (Admit Card) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ থাকবে। শিক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও HSC পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষার্থী প্রয়োজনে সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে তবে মোবাইল ফোন ও অন্যান্য ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে আনতে পারবে না।

ঙ) ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও ভর্তি পরীক্ষার কেন্দ্র তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের মাধ্যমে জানা যাবে। এছাড়া SMS (nu<space>athn<space>roll no. টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে আবেদনকারী শুধুমাত্র মেধা তালিকায় স্থান পেয়েছে কিনা তা জানতে পারবে।

চ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ছ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই পূর্ববর্তী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে।

জ) স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঝ) এই ভর্তি নির্দেশিকার যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১। বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে আবেদনের ন্যূনতম যোগ্যতা

ক) আবেদনের ন্যূনতম যোগ্যতা

| ক্রমিক | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২১/২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২৩/২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|---|
| i) | মানবিক শাখা<br>ও<br>ব্যবসায় শিক্ষা শাখা<br>ও<br>বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (বিজনেস্ ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা | ২.৫ | ২.৫ | ৫.৫ |
| ii) | বিজ্ঞান শাখা<br>ও<br>বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল) শাখা | ২.৭৫ | ২.৫ | ৬.০ |

খ) ২০২১/২০২২ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২৩/২০২৪ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (adm.hons@nu.ac.bd) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। ভর্তি যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে এ সকল আবেদনকারীকে ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাথমিক আবেদন ফি [৭০০/- (সাতশত)] জমাদানের রশিদ সংগ্রহ করে সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ সকল আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) সংগ্রহ করতে হবে।

গ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (adm.hons@nu.ac.bd) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, শিক্ষা বোর্ড কর্তৃক সমতা নিরুপণের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। ভর্তি যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে এ সকল আবেদনকারীকে ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাথমিক আবেদন ফি [৭০০/- (সাতশত)] জমাদানের রশিদ সংগ্রহ করে সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ সকল আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) সংগ্রহ করতে হবে।

ঘ) আবেদনকারী উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের মানবিক শাখার আবেদন ফরম পূরণ করতে হবে।

২। ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিষয় নির্বাচন সম্পর্কিত যোগ্যতা

ক) মানবিক (Humanities) শাখা

| ক্রমিক | ভর্তিচ্ছু বিষয় ও কোড | নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.৫ পেতে হবে | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ১। | বাংলা (Bangla) (1001) | ১। বাংলা (Bangla)<br>২। ইংরেজি (English) | মানবিক শাখা → ৬০%<br>বিজ্ঞান শাখা → ২০%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ২০%<br>► ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরেও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ২। | ইংরেজি (English) (1101) | ১। ইংরেজি (English) | |
| ৩। | আরবি (Arabic) (1201) | ১। আরবি (Arabic) | |
| ৪। | সংস্কৃত (Sanskrit) (1301) | ১। সংস্কৃত (Sanskrit)<br>২। বাংলা (Bangla) | |
| ৫। | ইতিহাস (History) (1501) | ১। ইতিহাস (History)<br>২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (Islamic History & Culture)<br>৩। সমাজবিজ্ঞান (Sociology)<br>৪। সমাজকল্যাণ (Social Welfare)<br>৫। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>৬। যুক্তিবিদ্যা (Logic)<br>৭। মনোবিজ্ঞান (Psychology)<br>৮। পদার্থবিজ্ঞান (Physics) | মানবিক শাখা → ৭০%<br>বিজ্ঞান শাখা → ১৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ১৫%<br>► ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরেও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ৬। | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (Islamic History & Culture) (1601) | | |

| | | | |
|---|---|---|---|
| ৭। | দর্শন (Philosophy) (1701) | ৯। রসায়ন (Chemistry)<br>১০। হিসাববিজ্ঞান (Accounting)<br>১১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management) | |
| ৮। | ইসলামিক স্টাডিজ (Islamic Studies) (1801) | ১। ইসলাম শিক্ষা (Study of Islam)<br>২। আল-ফিকহ (Al-Fiquh)<br>৩। তাজবীদ (Tazbid)<br>৪। আরবি (Arabic)<br>৫। ইতিহাস (History)<br>৬। ইসলামের ইতিহাস ও সংস্কৃত (Islamic History & Culture)<br>৭। সমাজবিজ্ঞান (Sociology)<br>৮। সমাজকল্যাণ (Social Welfare)<br>৯। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>১০। পদার্থবিজ্ঞান (Physics)<br>১১। রসায়ন (Chemistry)<br>১২। হিসাববিজ্ঞান (Accounting)<br>১৩। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management) | |
| ৯। | রাষ্ট্রবিজ্ঞান (Political Science) (1901) | ১। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>২। সমাজবিজ্ঞান (Sociology)<br>৩। সমাজকল্যাণ (Social Welfare)<br>৪। অর্থনীতি (Economics)<br>৫। ইতিহাস (History)<br>৬। যুক্তিবিদ্যা (Logic)<br>৭। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৮। জীববিজ্ঞান (Biology)<br>৯। পদার্থবিজ্ঞান (Physics)<br>১০। রসায়ন (Chemistry)<br>১১। হিসাববিজ্ঞান (Accounting)<br>১২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management) | মানবিক শাখা → ৭০%<br>বিজ্ঞান শাখা → ১৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ১৫%<br>► ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ১০। | সমাজবিজ্ঞান (Sociology) (2001) | | |
| ১১। | সমাজকর্ম (Social Work) (2101) | | |
| ১২। | অর্থনীতি (Economics) (2201) | | |
| ১৩। | নৃ-বিজ্ঞান (Anthropology) (4001) | ১। সমাজবিজ্ঞান (Sociology)<br>২। সমাজকল্যাণ (Social Welfare)<br>৩। ভূগোল (Geography)<br>৪। ইতিহাস (History)<br>৫। পৌরনীতি ও সুশাসন (Civics & Good Governance)<br>৬। জীববিজ্ঞান (Biology)<br>৭। মনোবিজ্ঞান (Psychology)<br>৮। পদার্থবিজ্ঞান (Physics)<br>৯। রসায়ন (Chemistry)<br>১০। হিসাববিজ্ঞান (Accounting)<br>১১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management) | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বন্টন করা হবে। |
| ১৪। | গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান (Library & Information Science) (3801) | | |
| ১৫। | গার্হস্থ্য অর্থনীতি (Home Economics) (3501) | ১। গার্হস্থ্য বিজ্ঞান (Home Science)<br>২। সাধারণ বিজ্ঞান এবং খাদ্য ও পুষ্টি বিজ্ঞান (General Science & Food & Nutrition)<br>৩। ব্যবহারিক শিল্পকলা এবং বস্ত্র ও পোশাকশিল্প (Applied Art & Clothing & Textile)<br>৪। গৃহ-ব্যবস্থাপনা ও শিশুবর্ধন এবং পারিবারিক সম্পর্ক (Home Management & Child Development & Family Relations)<br>৫। গার্হস্থ্য অর্থনীতি (Home Economics)<br>৬। জীববিজ্ঞান (Biology)<br>৭। মনোবিজ্ঞান (Psychology) | মানবিক শাখা → ৬০%<br>বিজ্ঞান শাখা → ৪০%<br>► ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরও যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক ও বিজ্ঞান শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ১৬। | বি. এ. (অনার্স) ইন মিউজিক B. A. (Honours) in Music (4501) | ১। বাংলা (Bangla)<br>২। ইংরেজি (English)<br>৩। উচ্চাঙ্গ সংগীত<br>৪। লঘু সংগীত<br>৫। ইতিহাস (History) | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বন্টন করা হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | ৬। সমাজবিজ্ঞান (Sociology)<br>৭। যুক্তিবিদ্যা (Logic)<br>৮। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৯। হিসাববিজ্ঞান (Accounting) | |

খ) বিজ্ঞান (Science) শাখা

| ক্রমিক | ভর্তিচ্ছু বিষয় ও কোড | নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.৫ পেতে হবে | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বণ্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ১৭। | পদার্থবিজ্ঞান (Physics) (2701) | ১। পদার্থবিজ্ঞান (Physics)<br>২। রসায়ন (Chemistry)<br>৩। উচ্চতর গণিত (Higher Mathematics) | বিজ্ঞান শাখা → ১০০% |
| ১৮। | রসায়ন (Chemistry) (2801) | ১। রসায়ন (Chemistry)<br>২। পদার্থবিজ্ঞান (Physics)<br>৩। উচ্চতর গণিত (Higher Mathematics) | |
| ১৯। | প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান (Biochemistry and Molecular Biology) (2901) | ১। রসায়ন (Chemistry)<br>২। জীববিজ্ঞান (Biology)<br>৩। মনোবিজ্ঞান (Psychology) | |
| ২০। | উদ্ভিদবিজ্ঞান (Botany) (3001) | | |
| ২১। | প্রাণীবিজ্ঞান (Zoology) (3101) | | |
| ২২। | মৃত্তিকাবিজ্ঞান (Soil Science) (3301) | | |
| ২৩। | পরিসংখ্যান (Statistics) (3601) | ১। পরিসংখ্যান (Statistics)<br>২। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>৩। পদার্থবিজ্ঞান (Physics) | |
| ২৪। | গণিত (Mathematics) (3701) | ১। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>২। পরিসংখ্যান (Statistics)<br>৩। পদার্থবিজ্ঞান (Physics) | |
| ২৫। | পরিবেশ বিজ্ঞান (Environmental Science) (4401) | ১। ভূগোল (Geography)<br>২। সমাজবিজ্ঞান (Sociology)<br>৩। সমাজকল্যাণ (Social Welfare)<br>৪। পৌরনীতি ও সুশাসন (Civics)<br>৫। যুক্তিবিদ্যা (Logic)<br>৬। পরিসংখ্যান (Statistics)<br>৭। পদার্থবিজ্ঞান (Physics)<br>৮। রসায়ন (Chemistry)<br>৯। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>১০। জীববিজ্ঞান (Biology)<br>১১। হিসাববিজ্ঞান (Accounting)<br>১২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management) | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাক্ষেত্রের ভিত্তিতে আসন বণ্টন করা হবে। |
| ২৬। | ভূগোল ও পরিবেশ (Geography and Enviroment) (3201) | | |
| ২৭। | মনোবিজ্ঞান (Psychology) (3401) | ১। গার্হস্থ্য বিজ্ঞান (Home Science)<br>২। গার্হস্থ্য অর্থনীতি (Home Economics)<br>৩। যুক্তিবিদ্যা (Logic)<br>৪। সমাজবিজ্ঞান (Sociology)<br>৫। সমাজকল্যাণ (Social Welfare)<br>৬। হিসাববিজ্ঞান (Accounting)<br>৭। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>৮। পদার্থবিজ্ঞান (Physics)<br>৯। পরিসংখ্যান (Statistics)<br>১০। রসায়ন (Chemistry)<br>১১। উচ্চতর গণিত (Higher Mathematics) | |

গ) ব্যবসায় প্রশাসন (Business Administration) শাখা

| ক্রমিক | ভর্তিচ্ছু বিষয় ও কোড | নিম্নের বিষয়সমূহের যে কোন একটি উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় পঠিত হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.৫ পেতে হবে | উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বণ্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ২৮। | মার্কেটিং (Marketing) (2301) | ১। হিসাববিজ্ঞান (Accounting)<br>২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (Business Organization & Management)<br>৩। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (Finance, Banking and Insurance) | ব্যবসায় শিক্ষা শাখা → ৭০%<br>বিজ্ঞান শাখা → ১৫%<br>মানবিক শাখা → ১৫%<br>► ১ম ও ২য় মেধা তালিকায় ভর্তির পরও |
| ২৯। | ফিন্যান্স (Finance) (2401) | | |
| ৩০। | হিসাববিজ্ঞান (Accounting) | | |

| | | | |
|---|---|---|---|
| | (2501) | ৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন (Production Management & Marketing)<br>৫। অর্থনীতি (Economics)<br>৬। পরিসংখ্যান (Statistics)<br>৭। উচ্চতর গণিত (Higher Mathematics) | যদি বিষয়ভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিশিফ্‌ট লিস্টের ফলাফল প্রকাশ করা হবে। |
| ৩১। | ব্যবস্থাপনা (Management) (2601) | | |

৩। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Honours Tab-এ গিয়ে Apply Now (Honours) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীকে শিক্ষা সহায়ক তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে। |
| সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ | এ পর্যায়ে আবেদনকারীর অনলাইনে সংরক্ষিত ডাটাবেজের তথ্য অনুযায়ী Male/Female প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে ঐ আবেদনকারীর আবেদন ফরম/ভর্তি বাতিল বলে গণ্য হবে। |
| কলেজ ও বিষয় পছন্দক্রম নির্ধারণ | আবেদনকারীর পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সঙ্গে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। পরবর্তীতে আবেদনকারীর এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে। |
| প্রযোজ্য ক্ষেত্রে কোটার আবেদন | মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম অথবা পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে। |
| ছবি সংযোজন | প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50Kb হতে হবে।<br>আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |
| ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর Application ID ও PIN কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে। |
| আবেদন ফরম বাতিলকরণ/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন | আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে আবেদন ফরমে প্রদর্শিত Application ID ও PIN এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী Form Cancel/Photo Change Option লিংকে গিয়ে Click to Generate the Security Key অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই প্রাথমিক আবেদন ফরম বাতিল করার সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পরে ঐ আবেদনকারীর আর ফরম বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করার সুযোগ থাকবে না। |
| সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফি প্রদান | আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত এই আবেদন ফরম ও প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) যথাসময়ে জমা দিতে হবে। কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে, সে সকল আবেদনকারীকে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। কলেজে আবেদন পত্র ও নির্ধারিত আবেদন ফি জমা দেয়ার পরে আবেদনকারী তার মোবাইল ফোনে SMS না পেলে বুঝতে হবে যে, তার আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নিশ্চয়ন করা হয়নি। এক্ষেত্রে আবেদনকারীকে সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে যোগাযোগ করতে হবে। কলেজ কর্তৃক অনলাইনে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন ব্যতীত কোন আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। |

৪। মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী ও বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম (সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত একটি বিষয়ে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে। (বিষয়ভিত্তিক আসন বন্টন) | কোটার বিষয়ভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না। (কলেজভিত্তিক আসন বন্টন) | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | ১৫ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| ক্ষুদ্র নৃগোষ্ঠী | ০১ টি | ০৭ টি | |
| বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

৫। পোষ্য (Ward) কোটায় আবেদন

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকেও পোষ্য কোটার প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে ভর্তি নির্দেশিকার সকল শর্তপূরণ করতে হবে। একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

৬। ভর্তি পরীক্ষার নম্বর বন্টন সম্পর্কিত জ্ঞাতব্য

<table>
<tr><th>উচ্চমাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা</th><th>বাংলা</th><th>ইংরেজি</th><th>বাংলাদেশ প্রসঙ্গে সাধারণ জ্ঞান</th><th>বিষয়ভিত্তিক নম্বর বন্টন</th><th>MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার মোট নম্বর</th><th>এস.এস.সি. /সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৪০% (৪র্থ বিষয়সহ)</th><th>এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৬০% (৪র্থ বিষয়সহ)</th><th>সর্বমোট নম্বর</th></tr>
<tr><td>বিজ্ঞান শাখা</td><td>২০</td><td>২০</td><td>১০</td><td>পদার্থবিজ্ঞান-১৭, রসায়ন-১৭, গণিত/জীববিজ্ঞান-১৬</td><td rowspan="3">১০০<br>(ভর্তি পরীক্ষায় পাশ নম্বর হবে ৩৫)</td><td rowspan="3">৪০</td><td rowspan="3">৬০</td><td rowspan="3">২০০</td></tr>
<tr><td>মানবিক/গার্হস্থ্য অর্থনীতি শাখা</td><td rowspan="2">২৫</td><td rowspan="2">২৫</td><td rowspan="2">১০</td><td>৪×১০=৪০<br>(উচ্চমাধ্যমিক পর্যায়ে পঠিত বিষয়ের মধ্যে যে কোন চারটি বিষয়)</td></tr>
<tr><td>ব্যবসায় শিক্ষা শাখা</td><td>হিসাব বিজ্ঞান-২০, ব্যবসায় নীতি ও প্রয়োগ-২০</td></tr>
</table>

বিঃদ্রঃ- ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ০১ (এক) ঘন্টা সময়ের মধ্যে দিতে হবে। MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় ভুল উত্তরের জন্য কোন নম্বর কর্তন করা হবে না।

৭। মেধা তালিকা প্রণয়ন

ক) বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার পাশ নম্বর হবে ৩৫।

খ) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সর্বমোট ২০০ (দুইশত) নম্বরের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয় পছন্দক্রম অনুসারে বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে।

গ) একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাস্কোর এক হলে সেক্ষেত্রে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম প্রণয়ন করা হবে:

i) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর যার বেশী হবে;

ii) এস.এস.সি./সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৪০% (৪র্থ বিষয় ব্যতীত) ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৬০% (৪র্থ বিষয় ব্যতীত) এর যোগফল যার বেশী হবে;

iii) এস.এস.সি./সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৪০% (৪র্থ বিষয়সহ) ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৬০% (৪র্থ বিষয়সহ) এর যোগফল যার বেশী হবে;

ঘ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে ১ম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে ২য় মেধা তালিকা, কোটার মেধা তালিকা এবং ১ম ও ২য় রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে, এ ভর্তি কার্যক্রমে ৩য় রিলিজ স্লিপে আবেদন করার কোন সুযোগ থাকবে না।

ঙ) সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে বিষয়ভিত্তিক মেধা তালিকা দেখতে পারবে। আবেদনকারীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এবং SMS (nu<space>athn<space>roll no. টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা কলেজ থেকেও মেধা তালিকার ফলাফল জানতে পারবে।

৮। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও কেন্দ্র সম্পর্কিত জ্ঞাতব্য

ক) ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে শিক্ষার্থীকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর প্রবেশপত্রে (Admit Card) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ থাকবে।

খ) পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও HSC পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষার্থী প্রয়োজনে সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে তবে মোবাইল ফোন ও অন্যান্য ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে আনতে পারবে না।

গ) পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখে সকাল ১০:৩০ মিনিটের মধ্যে প্রবেশপত্রে উল্লিখিত কলেজ কেন্দ্রে আসন গ্রহণ করতে হবে।

৯। মেধা তালিকা/কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | মেধা তালিকা/কোটার মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক Application ID ও PIN এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম, বরাদ্দকৃত বিষয়, সংশ্লিষ্ট কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ চূড়ান্ত ভর্তির আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| বিষয় পরিবর্তনের আবেদন | মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে চূড়ান্ত ভর্তি ফরমে বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশন সিলেক্ট করতে হবে। তবে কোটা মেধা/রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। |
| চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি সংগ্রহ | সঠিক তথ্যপূর্ণ ভর্তির আবেদন ফরমটি Submit Application অপশনে ক্লিক করলে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। ফরমটি ডাউনলোড করে দুই কপি A4 (8.5"×11") অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তীতে Application ID ও PIN এন্ট্রি দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। |
| সংশ্লিষ্ট কলেজে চূড়ান্ত ভর্তি ফরম জমা | আবেদনকারী ও তার অভিভাবককে প্রিন্ট করা চূড়ান্ত ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। উক্ত স্বাক্ষরিত চূড়ান্ত ভর্তি ফরমের দুই কপি ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৫৬৫/- (পাঁচশত পঁয়ষট্টি) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল শিক্ষার্থীর চূড়ান্ত আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল শিক্ষার্থী Applicant Login অপশন থেকে তা জানতে পারবে। |

| | |
|---|---|
| | পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। |
| চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন | নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজকে সকল আবেদনকারীর চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন নিশ্চিত করতে হবে। কলেজ কর্তৃক কোন চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে ঐ আবেদনকারী ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না। |
| প্রাথমিক আবেদন ফি'র নির্ধারিত অংশ "সোনালী ব্যাংক" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | কলেজ কর্তৃক আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [আবেদনকারী প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংকে শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Honours) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) 'ভর্তি ফান্ড' খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100003245 উল্লেখপূর্বক মোট টাকার অংকে লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকে শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |
| রেজিস্ট্রেশন ফি'র নির্ধারিত অংশ "সোনালী ব্যাংকে" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | কলেজকে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি ৫৬৫/- (পাঁচশত পঁয়ষট্টি) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংকে শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Honours) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংকে লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকে শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |
| **ভর্তি পরীক্ষা সম্পর্কিত জ্ঞাতব্য** | |
| ভর্তি পরীক্ষার কেন্দ্র | জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভর্তি পরীক্ষার কেন্দ্র নির্ধারণ করবেন। তবে সংশ্লিষ্ট কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত কর্তৃপক্ষ উপ-কেন্দ্র নির্ধারণ ও আসন বিন্যাস করতে পারবে। সংশ্লিষ্ট কেন্দ্র মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের সমন্বয়ে আসন বিন্যাস করবেন এবং নোটিশ বোর্ডে আসন বিন্যাসের তালিকা প্রদর্শন করবেন। |
| ভর্তি পরীক্ষার OMR সংগ্রহ | নির্বাচিত কেন্দ্রের দায়িত্ব প্রাপ্ত কর্তৃপক্ষকে তাদের মনোনিত শিক্ষক প্রতিনিধির মাধ্যমে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার পরীক্ষার্থীদের জন্য আলাদা আলাদা OMR উত্তরপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় আঞ্চলিক কেন্দ্র থেকে সংগ্রহ করতে হবে। তবে ঢাকা বিভাগ, কুমিল্লা ও ব্রাহ্মণবাড়ীয়া জেলায় অবস্থিত কেন্দ্রসমূহের OMR উত্তরপত্র গাজীপুরস্থ ক্যাম্পাস থেকে সংগ্রহ করতে হবে। |
| ভর্তি পরীক্ষা গ্রহণ | কোন পরীক্ষার্থী মোবাইল ফোন নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করতে পারবে না। ভর্তি পরীক্ষা চলাকালীন পরীক্ষার্থীরা প্রবেশপত্র অনুযায়ী উত্তরপত্রে (OMR শীটে) সঠিক নাম ও ভর্তি পরীক্ষার রোল নম্বর লিখেছে কিনা সে বিষয়ে কর্তব্যরত শিক্ষকগণ নিশ্চিত হবেন এবং তাদের হাজিরাপত্রে স্বাক্ষর নিবেন। |
| ভর্তি পরীক্ষার OMR ও হাজিরা পত্র প্রেরণ | ভর্তি পরীক্ষার হাজিরা পত্র, অনুপস্থিত পরীক্ষার্থীদের তালিকা ও OMR শীট গণনা করে আলাদাভাবে প্যাকেট করতে হবে। প্রতিটি প্যাকেটের উপর যথাক্রমে পরিদর্শক, আহবায়ক এবং অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষর থাকতে হবে। প্যাকেটগুলো বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত করোগেটেড শীটে মার্কিন কাপড় দিয়ে সেলাই করে গালাসীল করতে হবে।<br>পরীক্ষার্থীদের উত্তরপত্র (OMR শীট), হাজিরাপত্র, টপশীট ও গালাসীলের জন্য ব্যবহৃত ব্রাস সীলের নমুনা সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ-এর মনোনীত প্রতিনিধির (উক্ত প্রতিনিধির জন্য অধ্যক্ষ মহোদয়ের প্রত্যয়ন পত্র সঙ্গে আনতে হবে) মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভাগীয় আঞ্চলিক কেন্দ্রে নির্ধারিত তারিখের মধ্যে হাতে হাতে জমা দিতে হবে। তবে ঢাকা বিভাগ, কুমিল্লা ও ব্রাহ্মণবাড়ীয়া জেলায় অবস্থিত কেন্দ্রসমূহের OMR উত্তরপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ মূল ক্যাম্পাস নির্ধারিত তারিখের মধ্যে হাতে হাতে জমা দিতে হবে। |

১৪। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফিসের হার নিম্নরূপ:

ক) প্রাথমিক আবেদন ফি

| | |
|---|---|
| i) আবেদনকারী প্রতি প্রাথমিক আবেদন ফি | = ৭০০/- (সাতশত) টাকা<br>ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ৪৫০/-(চারশত পঞ্চাশ) টাকা<br>খ) [কলেজের অংশ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা + কেন্দ্র ফি ১০০/- (একশত) টাকা]<br>= মোট ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা। |

খ) রেজিস্ট্রেশন ফি

| | |
|---|---|
| i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি | = ৫০০/- (পাঁচশত) টাকা |
| ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি | = ৫০/- (পঞ্চাশ) টাকা |
| iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি | = ৫/- (পাঁচ) টাকা |
| iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১০/- (দশ) টাকা |
| মোট | = ৫৬৫/- (পাঁচশত পঁয়ষট্টি) টাকা |
| v) শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি<br>vi) শিক্ষার্থী প্রতি ভর্তি পুনঃবহাল ফি | = ২০০/- (দুইশত) টাকা<br>= ২০০/- (দুইশত) টাকা |

➤ এই ভর্তি কার্যক্রমের যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২০.০১.২০২৫

(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন: ০২-৯৯৬৬৯১৫৬৮
ইমেইল: adm.hons@nu.ac.bd

© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ